

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء |

আয়াতঃ ২৬: ৪৪

💵 আরবি মূল আয়াত:

فَالقوا حِبَالَهُم وَ عِصِيَّهُم وَ قَالُوا بِعِزَّةِ فِرعُونَ إِنَّا لَنَحنُ الغَلِبُونَ

অতঃপর তারা তাদের রশি ও লাঠি নিক্ষেপ করল এবং বলল, 'ফির'আউনের মর্যাদার কসম! অবশ্যই আমরা বিজয়ী হব।' — আল-বায়ান

তখন তারা তাদের রশিগুলো ও লাঠিগুলো নিক্ষেপ করল আর তারা বলল- 'ফেরাউনের ইযযতের শপথ! আমরা অবশ্যই জয়ী হব।' — তাইসিরুল

অতঃপর তারা তাদের রজ্জু ও লাঠি নিক্ষেপ করল এবং তারা বললঃ ফির'আউনের শপথ! আমরাই বিজয়ী হব। — মুজিবুর রহমান

So they threw their ropes and their staffs and said, "By the might of Pharaoh, indeed it is we who are predominant." — Sahih International

88. অতঃপর তারা তাদের রশি ও লাঠি নিক্ষেপ করল এবং তারা বলল, 'ফিরআউনের ইযযতের শপথ! আমরাই তো বিজয়ী হব।

তাফসীরে জাকারিয়া

- (৪৪) অতঃপর ওরা ওদের রশি ও লাঠি নিক্ষেপ করল এবং ওরা বলল, 'ফিরআউনের ইজ্জতের শপথ! আমরাই বিজয়ী হব।' [1]
 - [1] যেমন সূরা আ'রাফ ও ত্বহায় আলোচিত হয়েছে যে, ঐ সমস্ত যাদুকরেরা নিজেদের ধারণা অনুযায়ী বিরাট যাদু পেশ করল। ﴿الْعُرَافُ أَعْيُنَ النَّاسِ وَاسْتَرْهُبُوهُمْ وَجَاءوا بِسِحْرٍ عَظِيمٍ (116) سورة الأعراف অমনকি মূসা (আঃ)ও একটু ভয় পেয়ে গিয়েছিলেন। ﴿اللَّهُ عُلْسَى (67) سورة ط اللَّهُ مُوسَى विता वांद्य अप अप अप विता वांद्य अप अप विता वांद्य अप अप अप वांद्र विता वांद्य अप अप वांद्र विता वांद्र वां





লাঠি মাটিতে পড়ার সাথে সাথে এক ভয়ংকর অজগরের রূপ ধারণ করল। আর একটি একটি করে তাদের যাদুর তৈরী সমস্ত জিনিসগুলোকে গিলে ফেলল। যেমন পরের আয়াতে বলা হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2976

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন